

Wednesday, June 1, 2022



Students take oath to quit tobacco

STAFF CORRESPONDENT
.....

**Students on Tuesday
took an oath to stay
away from tobacco.**

National Museum of
Science and Technology
(NMST) organised the
programme on its premises,
marking International
No Tobacco Day.

NMST Director General
Muhammad Munir
Chowdhury administered
the oath to the students
and staffers of Milestone
School and College.

ধূমপানমুক্ত থাকার শপথ শিক্ষার্থীদের

অনলাইন ডেস্ক | ১ জুন, ২০২২ ০২:২০ | পড়া যাবে ১ মিনিটে

Like

Share



‘বিশ্ব তামাক মুক্ত দিবস’ উপলক্ষে মঙ্গলবার (৩১ মে) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ধূমপানমুক্ত থাকার প্রতিজ্ঞা নিয়ে শপথ অনুষ্ঠান ও ধূমপানের ক্ষতির ওপর বৈজ্ঞানিক বিশ্লেষণধর্মী বিজ্ঞান বক্তৃতা, রচনা প্রতিযোগিতা ও কুইজ অনুষ্ঠিত হয়েছে।

রাজধানীর মাইলস্টোন স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান জাদুঘর এ ধূমপানবিরোধী জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করে।

এতে শিক্ষার্থীরা ধূমপানের শারীরিক, মানসিক ও আর্থিক ক্ষতি সম্পর্কে বিজ্ঞানভিত্তিক তথ্য ও উপাত্ত তুলে ধরে। এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী শিক্ষার্থী এবং সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ধূমপানমুক্ত থাকার শপথ বাক্য পাঠ করান।

তাঁরা সম্বন্ধে স্লোগান তুলে ‘বর্জন করব মোরা ধূমপান’, ‘মাছ, ফল-মূল হবে মোদের খাদ্য উপাদান’, ‘শপথ মোদের সুস্থ জীবন’, ‘চাই মোরা শুদ্ধ জীবন’, ‘ধূমপানে অনেক ক্ষতি’, ‘সবার কাছে এ আকুতি’।

এছাড়া শিক্ষার্থীদের জন্য ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয় এবং বিজয়ী শিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে বৈচিত্র্যপূর্ণ স্মারক উপহার দেওয়া হয়।

আমার সংবাদ

বুধবার, ০১ জুন ২০২২, ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯



বিজ্ঞান জাদুঘরে শিক্ষার্থীদের ধূমপানমুক্ত থাকার শপথ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে গতকাল মঙ্গলবার বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে ধূমপানমুক্ত থাকার প্রতিজ্ঞা নিয়ে শপথ অনুষ্ঠান এবং ধূমপানের ক্ষতির উপর বৈজ্ঞানিক বিশ্লেষণধর্মী বিজ্ঞান বক্তৃতা, রচনা প্রতিযোগিতা ও কুইজ অনুষ্ঠিত হয়। রাজধানীর মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান জাদুঘর এ ধূমপান বিরোধী জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করে। এতে শিক্ষার্থীরা ধূমপানের শারীরিক, মানসিক ও আর্থিক ক্ষতি সম্পর্কে বিজ্ঞান ভিত্তিক তথ্য ও উপাত্ত তুলে ধরে। এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী শিক্ষার্থী এবং সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ধূমপানমুক্ত থাকার শপথ বাক্য পাঠ করান। তারা সমন্বয়ে স্লোগান তুলে 'বর্জন করব মোরা ধূমপান, মাছ, ফলমূল হবে মোদের খাদ্য উপাদান'। 'শপথ মোদের সুস্থ জীবন, চাই মোরা শুদ্ধ জীবন।' 'ধূমপানে অনেক ক্ষতি, সবার কাছে এ আকৃতি'। এ ছাড়া শিক্ষার্থীদের জন্য ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয় এবং বিজয়ী শিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে বৈচিত্র্যপূর্ণ স্মারক উপহার প্রদান করা হয়। –বিজ্ঞপ্তি